

## 🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭: ১১২

💵 আরবি মূল আয়াত:

## يَاتُوكَ بِكُلِّ سُحِرٍ عَلِيمٍ ﴿١١٢﴾

## 🗚 অনুবাদসমূহ:

তারা আপনার কাছে সকল বিজ্ঞ যাদুকরকে নিয়ে আসবে।' — আল-বায়ান
তারা তোমার কাছে সব বড় বড় যাদুকরকে নিয়ে আসবে। — তাইসিরুল
যেন তারা আপনার (ফির্রণ্রাউন) নিকট প্রত্যেক সুদক্ষ যাদুকরকে উপস্থিত করে। — মুজিবুর রহমান
Who will bring you every learned magician." — Sahih International

১১২. যেন তারা তোমার কাছে প্রতিটি সুদক্ষ জাদুকর উপস্থিত করে।

তাফসীরে জাকারিয়া

## (১১২) যেন তারা আপনার নিকট প্রতিটি সুদক্ষ যাদুকর উপস্থিত করে।' ([1])

[1] মূসা (আঃ)-এর সময়কালে যাদুর প্রচলন ছিল অত্যন্ত বেশি। সেই কারণে মূসা (আঃ)-এর পেশকৃত মু'জিযাকেও তারা যাদু ভাবল ও যাদু দ্বারা তার মুকাবিলা করার পরিকল্পনা করল। যেমন অন্যত্র বলা হয়েছে যে, ফিরআউন ও তার প্রধানেরা বলল, 'হে মূসা তুমি কি আমাদের নিকট এসেছ তোমার যাদু দ্বারা আমাদেরকে আমাদের দেশ হতে বহিষ্কার করে দেয়ার জন্য? আমরাও অবশ্যই তোমার নিকট উপস্থিত করব এর অনুরূপ যাদু, সুতরাং আমাদের ও তোমার মাঝে নির্ধারণ কর এক নির্দিষ্ট সময় ও এক মধ্যবর্তী স্থান, যার ব্যতিক্রম আমরাও করব না এবং তুমিও করবে না।' মূসা বলল, 'তোমাদের নির্ধারিত সময় উৎসবের দিন এবং সেই দিন পূর্বাহ্নে জনগণকে সমবেত করা হবে।' (সূরা ত্বাহা ৫৭-৫৯)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1066

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন